



আযাদ দ্বীনী এদারায়ে তা'লীম বাংলাদেশ

(কওমি মাদরাসা বোর্ড বাংলাদেশ)

কার্যালয়: এদারা ভবন (৪র্থ তলা), সোবহানীঘাট, সিলেট।

www.azaddiniadarah.com, Email: azaddiniadarah@gmail.com, Phone: 0821-716407



কেন্দ্রীয় পরীক্ষা ১৪৪২ হিজরী পরীক্ষার্থীদের জন্য পালনীয় বিধিবিধান

১. পরীক্ষার হলে প্রবেশের সময় প্রত্যেক পরীক্ষার্থী “ প্রবেশপত্র ” প্রদর্শন করবে।
২. পরীক্ষার সময়সূচী: প্রতিদিন সকাল ৯:৩০ থেকে দুপুর ১টা পর্যন্ত, বিকেল ১:৪৫ থেকে ৪:৪৫ পর্যন্ত। শুক্রবার সকাল ৯টা হতে দুপুর ১২:৩০ পর্যন্ত।
৩. কোন পরীক্ষার্থী কলম, কালি ছাড়া কোন ধরনের কিতাব, কাগজ-পত্র, মোবাইল ফোন, ক্যালকুলেটর সঙ্গে নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করতে পারবে না। একটি পরিচ্ছন্ন ক্লিপবোর্ড সঙ্গে নিতে পারবে। লালকালি ও পেন্সিল ব্যবহার করতে পারবে না।
৪. পরীক্ষার হলে প্রথম দিন পরীক্ষা আরম্ভের ৩০ মিনিট পূর্বে এবং অন্যান্য দিন ১৫ মিনিট পূর্বে খোলা হবে।
৫. পরীক্ষা আরম্ভ ও শেষ হওয়ার ১৫ মিনিট পূর্বে সতর্কীকরণ ঘণ্টা বাজানো হবে। প্রথম সতর্কীকরণ ঘণ্টা বাজামাত্র পরীক্ষার্থী হলের ভিতর নিজ নিজ আসনে অবস্থান করবে।
৬. পরীক্ষা আরম্ভ হওয়ার অর্ধঘণ্টা পর কোন পরীক্ষার্থীকে হলে প্রবেশ করতে দেওয়া হবেনা। অর্ধঘণ্টা পূর্বে এলে নাযিমে মারকাযের অনুমতিপূর্বক প্রবেশ করতে পারবে।
৭. পরীক্ষার্থীরা প্রথমেই খাতার কভার পৃষ্ঠায় পরীক্ষার্থীর কলামে রোল নম্বর, মারহালা, কিতাবের নাম নির্ভুলভাবে বাংলা অথবা আরবী ভাষায় স্পষ্ট করে লিখবে।
৮. পরীক্ষার খাতায় পরীক্ষার্থীর নাম, প্রতিষ্ঠানের নাম বা তার পরিচয়বাহী কোন আলামত দিতে পারবে না। প্রশ্নের উত্তরসংশ্লিষ্ট বিষয় ছাড়া অন্য কিছু লিখা শাস্তিযোগ্য অপরাধ। এই অপরাধে খাতা বাতিল হতে পারে।
৯. উত্তরপত্রের প্রত্যেক রোলে স্বাভাবিক অক্ষরে উত্তর লিখবে, যেনো অযথা কাগজ নষ্ট না হয়।
১০. প্রশ্নের উত্তর লিখার পূর্বে প্রশ্নপত্রের নম্বর অনুযায়ী নম্বর বসাবে এবং প্রত্যেক উত্তর লিখা শেষে তাকে পরের উত্তর হতে পৃথক করার জন্য একটি লম্বা রেখা (-----) দিবে।
১১. পরীক্ষার্থী প্রশ্নের উত্তর আরবী, উর্দু ও বাংলা এই তিন ভাষার যে কোন ভাষায় দিতে পারবে।
১২. মারহালায়ে ফযিলত , সানাবিয়্যাহ উলয়া ও সানাবিয়্যাহ আম্মাহ-য় যারা আরবিতে উত্তর দেবে, তাদেরকে প্রশ্নপ্রতি ১ মার্ক অতিরিক্ত দেওয়া হবে।
১৩. কোন প্রয়োজন দেখা দিলে নিজ স্থানে চুপচাপ দাঁড়াবে। মুহাফিজকে নিজের প্রয়োজন বলবে। মুহাফিজ ছাড়া অন্য কারো সাথে কথা বলা নিষেধ।
১৪. পরীক্ষার হলে কোন প্রকার অসদুপায় অবলম্বন করবে না। পরস্পর কথা বলবে না।
১৫. পরীক্ষার হলে কথা-বার্তা বললে বা অন্য কোন প্রকারের নিয়ম শৃংখলা ভঙ্গ করলে প্রথমে সতর্ক করা হবে। এতে নিবৃত না হলে অপরাধের গুরুত্ব অনুযায়ী অনূর্ধ্ব ০৫ নম্বর কর্তন করা যাবে।
১৬. একঘণ্টা অতিবাহিত হওয়ার পূর্বে কোনো পরীক্ষার্থী উত্তরপত্র জমা দিতে পারবে না।
১৭. পরীক্ষা বিষয়ের সাথে সম্পর্কিত কোন কাগজ বা লিখা পরীক্ষার্থীর নিকট পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে উক্ত বিষয়ের পরীক্ষা বাতিল বলে নোটিশ বোর্ডে সাথে সাথে ঘোষণা দেওয়া হবে। কোন পরীক্ষার্থীর এক বিষয়ের পরীক্ষা বাতিল হলে পূর্ণ পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
১৮. যে কোন কারণে কোন এক বিষয়ে পরীক্ষা না দিলে অকৃতকার্য বলে গণ্য হবে।
১৯. রোল নম্বর না দিলে অথবা তাতে ভুল করলে অথবা অস্পষ্টতা থাকলে তার ফলাফল স্থগিত থাকবে। নির্ধারিত ফি আদায় করলে পুনরায় যাচাই করে ফল প্রকাশ করা হবে।
২০. এক ঘণ্টা শেষ হওয়ার পূর্বে উত্তরপত্র জমা দিতে পারবে না।
২১. শেষ ঘণ্টা বাজার সাথে সাথে প্রত্যেক পরীক্ষার্থী নিজ নিজ স্থানে দাঁড়িয়ে যাবে, যেনো জমা গ্রহণকারী খাতা বুঝে নিতে পারেন অথবা মুহাফিজগণের আদেশ পালন করবে।

নির্দেশনায়

বি.দ্র. পরীক্ষার্থীদের অবগতির জন্য মাদরাসা-কর্তৃপক্ষ নির্দেশনাটি ফটোকপি করে নোটিশ বোর্ডে টানিয়ে দিবেন।

১৪৪২ হিজরী

(মাওলানা মুহিবুল হক গাছবাড়ী)
নাযিমে ইমতিহান (ভারপ্রাপ্ত)